



সুপ্রিম কোর্টে বিচারক স্বল্পতায় ন্যায়বিচার বিলম্বিত: ব্যারিস্টার খোকন



ব্যারিস্টার খোকন। ছবি: সংগৃহীত

সুপ্রিম কোর্টের আপিল বিভাগে প্রয়োজনীয় সংখ্যক বিচারক না থাকায় দেশের বিচারব্যবস্থা কার্যত স্থবির হয়ে পড়েছে বলে মন্তব্য করেছেন সংসদ সদস্য ও সুপ্রিম কোর্ট বার অ্যাসোসিয়েশনের সভাপতি ব্যারিস্টার মাহবুব উদ্দিন খোকন।

রোববার (২৪ মে) দুপুরে সুপ্রিম কোর্টের অ্যানেক্স ভবনে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ মন্তব্য করেন। এ সময় বিচার বিভাগের বর্তমান পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করেন তিনি।

ব্যারিস্টার খোকন বলেন, গুরুত্বপূর্ণ ও স্পর্শকাতর মামলাগুলোর দ্রুত নিষ্পত্তি নিশ্চিত করতে আপিল বিভাগে বিশেষ বেঞ্চ গঠন জরুরি। বিশেষ করে শিশু রামিসা হত্যা মামলার মতো আলোচিত মামলাগুলো দ্রুত শুনানির আওতায় আনার দাবি জানান তিনি।

তিনি আরও বলেন, দীর্ঘদিন ধরে বিচারক সংকটের কারণে মামলাজট বাড়ছে এবং বিচারপ্রার্থীরা ন্যায়বিচার পেতে বিলম্বের শিকার হচ্ছেন।

মামলাজট কমাতে আপিল বিভাগ ও হাইকোর্টে দ্রুত পর্যাপ্ত বিচারপতি নিয়োগের জন্য সরকারের প্রতি আহ্বান জানান সুপ্রিম কোর্ট বার সভাপতি।